জিইপি/বাহক মারফত

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

কাস্টমস্‌ বন্ড কমিশনারেট

৪২, এম এম আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম

বিচারাদেশ নং ঃ 07 /২০২০, তারিখ ঃ ২৩ /০৯/২০২০ প্রেরণের তারিখ ঃ ২৩ /০৯/২০২০

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ **মোঃ মাহবুবুজ্জামান,**

পদবী ঃ **কমিশনার**

কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

**মূল আদেশ**

১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

২। এ আদেশের বিরুদ্ধে আপীল করতে হলে তা আদেশ জারীর ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

৩। আপীল আবেদনের উপর টাকা ২০০/- (দুই শত) মাত্র মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।

ক) ১৮৭০ সনের কোর্ট ফি ষ্ট্যাম্প এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং

খ) আপীল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি।

৪। আপীল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে।

৫। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৯৪, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২২ এর প্রতি আপীলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপীল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

৬। লিখিত আপীল ছাড়াও আপীলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপীলাত ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপীল আবেদনে তা সুস্পষ্টভাবে উলেখ করতে হবে।

৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ **M/s. JMS Garments Ltd.**
Plot # 1-4, Sector # 06, CEPZ, Chattogram

খ) অনিয়ম এর বিবরণ ঃ অবৈধভাবে অপসারণের অভিযোগ ।

**মামলার প্রেক্ষাপট ঃ**

**M/s. JMS Garments Ltd,** Plot # 1-4, Sector # 06, CEPZ, Chattogram (বন্ড লাইসেন্স নম্বর-১১০/৯৭, তারিখঃ ২০/০৪/২০০০খ্রিঃ , মূসক নং-২৪০২১০০৮১৯৯, তাং-০১/১১/২০১২ খ্রিঃ) কর্তৃক বেপজা, সিইপিজেড এর অনুমতি পত্র (ডিজিটাল পাস) নং- IA1411190289 এবং বি/ই নং সি-২৬৬৭৭৫, তারিখ-০৩.১২.২০১৯খ্রিঃ এর মাধ্যমে বন্ড সুবিধায় আমদানিকৃত ৩৯,৩৫০.০০ কেজি এক্সেসরিজ পলি কার্টুন (২৩২৫০ পিস) যার শুল্কায়নযোগ্য মূল্য ২৭,৭২,২৫১.১৪ টাকা; পরিবাহিত গাড়ি নং-NKTA-124262 এর মাধ্যমে রপ্তানিকারক প্রতিষ্ঠান মেসার্স আননুর প্যাকেজিং লিঃ, নারায়নগঞ্জ (সিএন্ডএফ এজেন্টঃ আল ফাহিম (বিডি) লিঃ) এর সহিত যোগসাজশে অবৈধ অপসারণ করেছে মর্মে গোপন সংবাদ থাকায় উপ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম সিইপিজেড ডিভিশন এর নির্দেশনা মোতাবেক এ দপ্তরের রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা গত ০৭.১২.২০১৯খ্রিঃ তারিখে সিইপিজেডস্থ প্রতিষ্ঠান M/s. JMS Garments Ltd সরেজমিনে গমন করেন। সরেজমিনে পরিদর্শনকালে প্রতিষ্ঠানের কারখানায় বন্ড সুবিধায় আমদানিকৃত রপ্তানিকারক প্রতিষ্ঠান মেসার্স আননুর প্যাকেজিং লিঃ, নারায়নগঞ্জ হতে আনীত ৩৯,৩৫০.০০ কেজি এক্সেসরিজ পলি কার্টুন বন্ড গুদামে দেখতে চাইলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কারখানার গুদামে উক্ত পরিমাণ মালামাল দেখাতে ব্যর্থ হন। তাছাড়া প্রতিষ্ঠানের কারখানায় উক্ত মালামালসহ গাড়ি প্রবেশ করেছে মর্মে কোনো তথ্য পাওয়া যায়নি। এ বিষয়ে প্রতিষ্ঠানের সিকিউরিটি ইনচার্জ, মানব সম্পদ ব্যবস্থাপক, কমার্শিয়াল ম্যানেজার, মার্কেটিং ম্যানেজারের সাথে উক্ত মালামাল এবং গাড়ীর ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হলে তারা পরিদর্শক টিমকে কোনো সহযোগিতা করেনি। বিষয়টি অধিকতর তদন্তের প্রয়োজনে এ দপ্তরের পত্র নং এস-১/১৩/সিইপিজেড/কাস/প্রিঃ/৯৩/অংশ-১/১৯৪৯, তারিখ-১০.১২.২০১৯খ্রিঃ এর মাধ্যমে ডিজিটাল গেইট পাশ (ইন) এর বিষয়ে বেপজার ব্যাখ্যা চাওয়া হলে বেপজা কর্তৃপক্ষ তাদের পত্র সূত্র নং- ০৩.৩২৫.০১৮.০১.০০.০০১.২০১৯-৯২৭ এর মাধ্যমে জানান যে, উক্ত ডিজিটাল গেইট পাশ এর স্বপক্ষে তারা কোনো কাস্টমস চালান পাননি (উল্লেখ্য কাস্টমস চালান ব্যতিরেকে ডিজিটাল গেইট পাস ইন ইস্যু হলে এবং মালামাল ইপিজেডে প্রবেশ না করলে সরকারের রাজস্ব ফাঁকি হয়) এবং এ সংক্রান্ত কোনো তথ্য তাদের রেজিষ্ট্রারভুক্ত হয়নি। তাদের পত্রের মাধ্যমে আরও জানান যে, ভিডিও ফুটেজের তথ্যে দেখা যায় M/s. JMS Garments Ltd এ নিয়োগকৃত সিএন্ডএফ এজেন্টঃ আল ফাহিম (বিডি) লিঃ এর প্রতিনিধি জনাব মুরাদ কৌশলে গেইট পাসের কপি নিয়ে দ্রুত সরে পড়েন। উপরোক্ত বর্ণনার আলোকে ইহা স্পষ্টই যে, সিইপিজেডস্থ আমদানিকারক প্রতিষ্ঠান M/s. JMS Garments Ltd এর সাথে রপ্তানিকারক প্রতিষ্ঠান মেসার্স আননুর প্যাকেজিং লিঃ, নারায়নগঞ্জ যোগসাজশে বেপজা, সিইপিজেড, চট্টগ্রাম হতে ডিজিটাল অনুমতি গ্রহণের মাধ্যমে কোনো প্রকার কাস্টমস গেইট পাস না করে বন্ড সুবিধায় আমদানিকৃত ৩৯,৩৫০.০০ কেজি এক্সেসরিজ পলি কার্টুন (২৩২৫০ পিস) মালামাল অবৈধভাবে খোলাবাজারে বিক্রি করেছে মর্মে প্রতীয়মান হয়। এতদবিষয়ে এ দপ্তর হতে রাজস্ব ফাঁকির মামলা নম্বর-

১৯/২০১৯, তারিখ : ২৩.১২.২০১৯ খ্রিঃ দায়ের করা হয়। রাজস্ব ফাঁকির মামলা প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, **M/s. JMS Garments Ltd** নামীয় প্রতিষ্ঠানটি উক্ত ৩৯,৩৫০.০০ কেজি এক্সেসরিজ পলি কার্টুন অবৈধভাবে অপসারণ করেছে।

**প্রাপ্ত পণ্যের শুল্কায়ন মূল্য ও শুল্ক-করাদির হিসাব বিবরণী**

| Description | H.S Code | Assessable Value (BDT Tk) | Amount of Custom Duty 25% | Amount of RD Value 3% | Amount of SD Value 45% | Amount of VAT 15% | Amount of AIT 5% | Amount of AT 5% | Total Amount |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| Acc: Poly Carton= 23250 pcs | 62171000 | 2772251.14 | 693062.79 | 83167.53 | 1596816.66 | 771794.72 | 138612.56 | 257264.91 | 3540719.17 |

মোট শুল্কায়নযোগ্য মূল্য = ২৭,৭২,২৫১.১৪ টাকা মাত্র।
**আদায়যোগ্য মোট শুল্ক করাদির পরিমাণ = ৩৫,৪০,৭১৯.১৭ টাকা মাত্র।**

**কারন দর্শানো নোটিশ ও জবাব প্রদান ঃ**

**JMS Garments Ltd**, CEPZ, Chattogram উক্তরূপ কর্মকান্ডের জন্য The Customs Act, 1969 এর ধারা 32, 97, আমদানি-রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০ এর ধারা-৩(১), বৈদেশিক মুদ্রার নিয়ন্ত্রণ আইন-১৯৪৭এর ধারা ৮(১) এবং দি কাস্টমস্ (এক্সপোর্ট প্রসেজিং জোন) রুলস্-১৯৮৪ এর এসআরও নং-৫৪৫-এল/৮৪/৮৮৯/কাস, তারিখ-১০.১২.১৯৮৪ এর বিধি ১০ আওতায় অপরাধ সংঘটিত বিধায় The Customs Act, 1969 এর ধারা 13(3) এবং 156(1) এর Clause 1,14, 51, 51(A), 61, 62 ও 90 মোতাবেক শাস্তিযোগ্য বিধায় এ দপ্তরের পত্র এ দপ্তরের পত্র নথি নং- এস-১/৫১/কাবক/ সিইপিজেড/রাজস্ব ফাঁকির মামলা/JMS/২০১৯/১১০, তারিখ-২১.০১.২০২০খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানের অনুকূলে কারন দর্শানো নোটিশ জারী করা হয়। এ দপ্তর হতে প্রেরিত কারন দর্শানো নোটিশের প্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ গত ২৫.০১.২০২০ খ্রিঃ তারিখে কারন দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং উক্ত জবাবে ব্যাক্তিগত শুনানী গ্রহণে আগ্রহী মর্মে জানান।

**শুনানী গ্রহণ ঃ**

**JMS Garments Ltd**, CEPZ, Chattogram নামীয় প্রতিষ্ঠানটির অনুকূলে উক্ত মামলার নিস্পত্তির লক্ষ্যে এ দপ্তরের পত্র নথি নং-এস-১/৫১/কাবক/ সিইপিজেড/রাজস্ব ফাঁকির মামলা/JMS/২০১৯/২৩৪, তারিখ-১০.০২.২০২০খ্রিঃ এর মাধ্যমে ১৮.০২.২০২০খ্রিঃ তারিখে শুনানী দিন ও সময় নির্ধারণ করে পত্র ইস্যু করা হয়। উক্ত নির্ধারিত তারিখের শুনানীতে প্রতিষ্ঠানের পক্ষে জনাব কামরুল আহসান মিল্লাদ, পরিচালক জানান যে, "বিবেচ্য কার্টুনগুলো Specially তাদের জন্য রপ্তানির উদ্দেশ্যে প্রস্তুতকৃত, যা বর্তমানে সরবরাহকারী কারখানায় আছে"। এছাড়াও কমিশনার শুনানীতে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধির লিখিত বক্তব্য দাখিল করতে নির্দেশ প্রদান করা হয়। উক্ত নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের সিএন্ডএফ এজেন্ট আল ফাহিম (বিডি) লিঃ লিখিত বক্তব্যে তাদের ভুল স্বীকার করে উক্ত অনাকাঙ্খিত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে এরূপ পুনরাবৃত্তি হবেনা মর্মে অঙ্গীকার করেন।

**পর্যালোচনাঃ**

এ দপ্তর হতে দায়েরকৃত মামলা, কারন দর্শানো নোটিশ এবং শুনানীতে প্রতিষ্ঠানের এবং সিএন্ডএ কর্তৃপক্ষের বক্তব্যসহ ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত দলিলাদি পর্যালোচনা করে দেখা যায় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সিএন্ডএফ এজেন্টের সহযোগিতায় এ দপ্তর কর্তৃক চালান ইস্যু না করে সু-কৌশল ও অবৈধভাবে শুধুমাত্র বেপজার অনলাইন গেইট পাশ নিয়ে মালামাল উক্ত প্রতিষ্ঠানে প্রবেশ না করে খোলা বাজারে করেছে মর্মে প্রতীয়মান হয়। গত ০৯.০৬.২০২০খ্রিঃ তারিখে M/s. JMS Garments Ltd এর লিয়েন ব্যাংক কর্তৃক আলোচ্য এলসি এর বৈদেশিক মুদ্রা ছাড়করণের জন্য এ দপ্তরের অনুমতি চেয়ে পত্র দেওয়া হয়। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে অধিকতর তদন্তের স্বার্থে সংশ্লিষ্ট আমদানিকারক ও রপ্তানিকারক এলসি'র বিপরীতে যে সকল দলিলাদি ব্যাংকে জমা প্রদান করেছে তা প্রেরণের জন্য এ দপ্তর হতে পত্র প্রেরণ করা হয়। ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত দলিলাদি পর্যালোচনা করে দেখা যায় যে, আমদানিকারক M/s. JMS Garments Ltd কর্তৃক আমদানি বি/ই এবং রপ্তানিকারক মেসার্স আননুর প্যাকেজিং লিঃ, নারায়নগঞ্জ কর্তৃক রপ্তানি বি/ই তে পরীক্ষণ ও স্কটিং কর্মকর্তাদের কোনো স্বাক্ষর নেই। এতে প্রতীয়মান হয় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ M/s. JMS Garments Ltd উক্ত মালামালসমূহ ইপিজেডে প্রবেশ না করিয়ে রপ্তানিকারক মেসার্স আননুর প্যাকেজিং লিঃ, নারায়নগঞ্জও সিএন্ডএফ এজেন্টঃ আল ফাহিম (বিডি) লিঃ এর সহিত যোগসাজশের মাধ্যমে মালামালসমূহ অবৈধভাবে খোলাবাজারে বিক্রি করেছেন এবং পরবর্তীতে প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক Exim Bank Ltd, Agrabad, C/A Branch, Chattogram অসম্পূর্ণ দলিলদি দাখিলের মাধ্যমে অবৈধভাবে আলোচ্য এলসি'র বিপরীতে আমদানি বিল ছাড়করণের চেষ্টা করেন বিধায় উক্ত মালামালের বিপরীতে শুল্ক করাদি বাবদ **৩৫,৪০,৭১৯.১৭ (পঁয়ত্রিশ লক্ষ চল্লিশ হাজার সাতশত উনিশ দশমিক সতের)** টাকা উত্থাপন করে এ দপ্তর হতে রাজস্ব ফাঁকির মামলা দায়ের করা হয়। এ দপ্তর হতে দায়েরকৃত মামলায় উত্থাপিত শুল্ক করাদি আদায় ও মামলাটি নিস্পত্তির লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করা হলো।

## আদেশ

নথিতে রক্ষিত দলিলাদি, রাজস্ব ফাঁকির মামলা ও কারন দর্শানো নোটিশ নিস্পত্তির লক্ষ্যে পারিপার্শ্বিক অবস্থা ও আইনানুগ ভিত্তিসহ যাবতীয় বিষয়াদি পর্যালোচনা করা হলো। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ও রপ্তানিকারক এবং সিএন্ডএফ এজেন্ট কর্তৃক যোগসাজশে বেপজা, সিইপিজেড, চট্টগ্রাম হতে ডিজিটাল অনুমতি গ্রহণের মাধ্যমে কোনোপ্রকার কাস্টমস গেইট পাস না করে বন্ড সুবিধায় আমদানিকৃত মালামাল ইপিজেডস্থ প্রতিষ্ঠানে প্রবেশ না করিয়ে অবৈধভাবে অপসারণ করে **৩৫,৪০,৭১৯.১৭ (পঁয়ত্রিশ লক্ষ চল্লিশ হাজার সাতশত উনিশ দশমিক সতের)** টাকার রাজস্ব ফাঁকি দেয়া হয়েছে বিধায় The Customs Act, 1969 এর ধারা 13(3) এবং 156(1) এর Clause 1,14, 51, 51(A), 61, 62 ও 90 মোতাবেক শাস্তিযোগ্য এবং Section 13(3) মোতাবেক বন্ড লাইসেন্স বাতিলযোগ্য। তবে সার্বিক দিক বিবেচনায় প্রতিষ্ঠান প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপর ৳ **৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)** টাকা অর্থদন্ড আরোপ করা হলো। আরোপিত অর্থদন্ড এবং রাজস্ব ফাঁকির মালামালের উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ **৩৫,৪০,৭১৯.১৭ (পঁয়ত্রিশ লক্ষ চল্লিশ হাজার সাতশত উনিশ দশমিক সতের)** টাকাসহ সর্বমোট **৪০,৪০,৭১৯.১৭(চল্লিশ লক্ষ চল্লিশ হাজার সাতশত উনিশ দশমিক সতের)**টাকা এই আদেশ জারীর ১৫(পনের) দিনের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমাদান পূর্বক ট্রেজারী চালানের মুল কপি এ দপ্তরে দাখিল করার জন্য আদেশ দেয়া হলো।

(মোঃ মাহবুবুজ্জামান)
কমিশনার
ফোন- ০৩১-২৮৬৩২৫৩
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম
ই-মেইল- www.cbcctg@yahoo.com

প্রাপক ঃ ব্যবস্থাপনা পরিচালক,
**M/s. JMS Garments Ltd**
Plot # 1-4, Sector # 06,
CEPZ, Chattogram.

নথি নং-এস-১/৫১/কাবক/সিইপিজেড/রাজস্ব ফাঁকির মামলা/JMS/২০১৯/২২৬৮(৪) তারিখ-২১/০৯/২০২০ খ্রিঃ

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২। দ্বিতীয় সচিব (শুল্ক রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। জেনারেল ম্যানেজার, বেপজা সিইপিজেড, চট্টগ্রাম।
৪। সহকারী প্রোগামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৫। পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। পিএ টু অতিরিক্ত কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (অতিরিক্ত কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

২১/০৯/২০২০
(সন্তোষ সরেন)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে
সিইপিজেড ডিভিশন, চট্টগ্রাম।